31 JUL 2003

# সরকারি নির্দেশ উপেক্ষা করে কলেজে ভর্তিতে বেশি টাকা নেয়া হচ্ছে

সাথীয়া খান

সরকারি নির্দেশ উপেক্ষা করে একাদশ শ্রেণীতে ভর্তিতে বিভিন্ন বেসরকারি কলেজ বেশি টাকা নিচ্ছে। সরকার একাদশ শ্রেণীতে ভর্তির সময় শিক্ষার্থীদের কাছ থেকে পাঁচ হাজারের বেশি টাকা না নেয়ার নির্দেশ দিলেও অধিকাংশ কলেজই তা মানছে না।

একাদশ শ্রেণীতে ভর্তি ফি বিষয়ে গত ১ এপ্রিল সরকার এক প্রজ্ঞাপন জারি করে। সেখানে বলা হয়, সরকার থেকে বেতন-ভাতা পাওয়া (এমপিওভুক্ত) বেসরকারি স্কুল-কলেজগুলো শিক্ষার্থী ভর্তির সময় সব ধরনের ফি মিলিয়ে পাঁচ হাজার টাকার বেশি নিতে পারবে না। কিন্তু সরকারের এ নির্দেশ মানছে না রাজধানীর বিভিন্ন বেসরকারি কলেজ।

প্রজ্ঞাপনে বলা হয়, কোনো প্রতিষ্ঠান ভর্তির সঙ্গে উন্নয়ন ফি, সেশন ফি ও অন্য খাতের নামে অর্থ নিলেও সাকল্যে তা পাঁচ হাজার ছাড়াতে পারবে না। কিন্তু ভিকারুননিসা নূন কলেজ, ঢাকা কমার্স কলেজসহ নানা কলেজে ভর্তি ফি পাঁচ হাজার টাকার অনেক বেশি নেয়া হচ্ছে।

কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান ভর্তির ক্ষেত্রে অতিরিক্ত ভর্তি ফি নিচ্ছে– অভিভাবকদের এমন অভিযোগের পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয় ভর্তি ফি পুনর্নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। কিন্তু সরকারের নির্দেশ উপেক্ষা করে ঢাকা কমার্স কলেজ শিক্ষার্থী ভর্তিতে প্রায় ১৩ হাজার টাকা নিচ্ছে। ভিকারুননিসা নূন কলেজ ১০ থেকে ১১ হাজার টাকা নিচ্ছে। এছাড়া রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা ইমপেরিয়াল কলেজ, ঢাকা সিটি কলেজ, বিএএফ শাহীন কলেজ কর্তৃপক্ষও ভর্তির সময় অতিরিক্ত অর্থ আদায় করছে বলে অভিযোগ পাওয়া গেছে। তবে মতিঝিল আইডিয়াল কলেজ ও নটর ডেম কলেজ সরকারের আদেশ মেনে ভর্তির ক্ষেত্রে পাঁচ হাজার টাকা নিচ্ছে বলে জানা গেছে।

বাণিজ্যিক ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানগুলো কখনোই যাতে পরিচালিত হতে না পারে এবং সব ধরনের আয়ের মানুষ যাতে সন্তানদের মেধানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করতে পারে- এ জন্যই সরকার এ নির্দেশনা জারি করে। কিন্তু সরকারের এ নির্দেশ মানছে না শিক্ষা প্রতিষ্ঠানগুলো। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের দাবি, যেভাবে আমরা কলেজ চালাচ্ছি তাতে আমাদের ভর্তি ফি বেশি নিতে হচ্ছে।

ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর মনিরুল ইসলাম বলেন, বিভিন্ন প্রতিষ্ঠান ভর্তি ফি অযৌক্তিকভাবে বেশি আদায় করছে- আমরা এ অভিযোগ পেয়েছি। অভিযোগের পরিপ্রেক্ষিতে আমরা এর সত্যতা যাচাইয়ের চেষ্টা করছি। কিছু কিছু কলেজে ভর্তির ক্ষেত্রে অতিরিক্ত ফি আদায়ের সত্যতা আমরা পেয়েছি। আমরা মন্ত্রণালয়ে এসব কলেজের একটি লিস্ট পাঠাবো এবং এরপর মন্ত্রণালয় তাদের ব্যাপারে সিদ্ধান্ত নেবে।

জানা যায়, ভর্তি ফি বেশি নিলে কি ধরনের শাস্তি দেয়া হবে তা নিয়ে সরকারের শিক্ষা মন্ত্রণালয়ে গত মাসে এক মিটিং হয়। মিটিংয়ে সিদ্ধান্ত হয়, একাদশ শ্রেণীসহ বিভিন্ন শ্রেণীতে ভর্তির সময় অতিরিক্ত ফি আদায়কারী শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এ ক্ষেত্রে প্রয়োজনে বেসরকারি স্কুল-কলেজগুলোর এমপিও স্থগিত করার মতো শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়।